

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা ভূমি অফিস  
ঈশ্বরদী, পাবনা  
www.acl.ishurdi.pabna.gov.bd

স্মারক নং -৩১.৪৩.৭৬৩৯.০০০.০০.০৩৫.২৪- ২৬৪

তারিখ :- ২৭/০২/২০২৪ খ্রি.।

**প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে একসনা ইজারা বন্দোবস্ত সংক্রান্ত বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পাবনা জেলাধীন ঈশ্বরদী উপজেলার অন্তর্গত ১২৬ নং ডিমিরচর তালবাড়ীয়া মৌজার ফোকাবদ্ধ নিম্নবর্ণিত ক, খ এবং গ তফসিলভুক্ত সম্পত্তি বাংলা ১৪৩১ সনের জন্য প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে অস্থায়ী ভিত্তিতে একসনা বন্দোবস্ত প্রদান করা হবে। অস্থায়ী ব্যক্তিগণকে আগামী ০১-০৪-২০২৪ খ্রি. তারিখে সকাল ১০.৩০ ঘটিকার মধ্যে ঈশ্বরদী উপজেলা ভূমি অফিসে অফিস চলাকালীন সময়ে ২০/- (বিশ) টাকার কোর্ট ফি সম্বলিত আবেদনপত্র দাখিল করতে অনুরোধ করা যাচ্ছে। উক্ত নিলাম ডাক আগামী ০১/০৪/২০২৪ খ্রি./১৮-১২-১৪৩০ বঙ্গাব্দ তারিখে বেলা ১২.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অনুষ্ঠিত হবে। অস্থায়ী ব্যক্তিগণকে যথাসময়ে নিলাম ডাকে অংশ গ্রহণ করতে অনুরোধ করা যাচ্ছে। উপস্থাপ্য যে, ১৮ বারের নিলাম ডাকে বিধি মোতাবেক সন্মোহনকর দর পাওয়া না গেলে 'খ' তফসিল বর্ণিত দিন পঞ্জিকায় উল্লিখিত তারিখ সমূহে পর্যায়ে নিলাম ডাক কার্যক্রম পরিচালিত হবে।

**ঃ তফসিল সম্পত্তি ঃ**


- ক' একই মৌজার মধ্যে সূই ১১৮.১২ একর কোল।  
খ' ডিমিরচর তালবাড়ীয়া মৌজার ফোকাবদ্ধ পতিত চাষযোগ্য আনুমানিক ১০০.৫৭ একর জমি  
গ' একই মৌজার মধ্যে অবস্থিত ঘাস ও কাঁশন ৯৩৯.৫৯ একর।

**খ' তফসিল**

ক্রম নং	নিলাম ডাকের পর্যায়	নিলাম ডাকের তারিখ ও সময়	মন্তব্য
০১	প্রথম পর্যায়	০১/০৪/২০২৪ খ্রি./১৮/১২/১৪৩০ বঙ্গাব্দ। বেলা ১২.০০ ঘটিকা।	
০২	দ্বিতীয় পর্যায়	০৮/০৪/২০২৪ খ্রি./২৫/১২/১৪৩০ বঙ্গাব্দ। বেলা ১২.০০ ঘটিকা।	
০৩	তৃতীয় পর্যায়	২২/০৪/২০২৪ খ্রি./০৯/০১/১৪৩১ বঙ্গাব্দ। বেলা ১২.০০ ঘটিকা।	

**ঃ অস্থায়ী ইজারা বন্দোবস্তের শর্তাবলী নিম্নরূপ ঃ**

- ০১। বছরের যে কোন সময় প্রদত্ত ইজারা ১শা বৈশাখ বাংলা ১৪৩১ সন হতে কার্যকর হবে এবং ৩০ শে চৈত্র ১৪৩১ বাংলা সন পর্যন্ত এর মেয়াদ বলবৎ থাকবে।  
০২। সামরাত সংক্রান্ত বিধিসমূহ সর্বক্ষেত্রে প্রযোজ্য হবে।  
০৩। 'ক' 'খ' ও 'গ' এর তফসিল বর্ণিত সম্পত্তির কোন ক্ষতি সাধন করা যাবে না বা সাক্ষীজ দেয়া যাবে না।  
০৪। সরকারি ডাকমূল্য নিলাম টেবিলে নির্ধারণ করা হবে।  
০৫। সর্বোচ্চ ডাককারীকে ডাকমূল্যের ৫০% টাকা ডাক টেবিলে পরিশোধ করতে হবে। অবশিষ্ট ৫০% টাকা ০৭ (সাত) দিনের মধ্যে পরিশোধ করতে হবে এবং গৃহিত ডাকমূল্যের সরকারি ১৫% ভ্যাট ও ১০% আয়কর জমা দিতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্ত বলে গণ্য হবে।  
০৬। নিলাম ডাককারীকে জামানত স্বরূপ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা জমা দিয়ে নিলাম ডাকে অংশ গ্রহণ করতে হবে।  
০৭। সর্বোচ্চ ডাককারীর নিলাম ডাকে অংশগ্রহণ করে পরে তা প্রত্যাহার করলে সেক্ষেত্রে তার দাখিলকৃত জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।  
০৮। ডাক পরিচালনাকারী কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে ডাক বাতিল/স্থগিত/ডাকের পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন।  
০৯। নিলাম ডাকের দ্বারা তারিখে সকাল ১০.৩০ ঘটিকার পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। উক্ত সময়ের পূর্বেই আবেদনপত্র দাখিল করতে হবে।

  
২৭.০২.২০২৪  
(টি.এম. রাহসিন কবির)  
সহকারী কমিশনার (ভূমি)  
ঈশ্বরদী, পাবনা  
ও  
রিসিটার ফোকাবদ্ধ সম্পত্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা ভূমি অফিস  
ঈশ্বরদী, পাবনা

স্মারক নং -৩১.৪৩.৭৬৩৯.০০০.০০.০৩৫.২৩- ২৬৪/১(৮)


তারিখ :- ২৭/০২/২০২৪ খ্রি.।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ**

- ০১। জেলা প্রশাসক, পাবনা।  
০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পাবনা।  
০৩। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, পাবনা।  
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঈশ্বরদী, পাবনা।  
০৫। উপজেলা নির্বাহী অফিসার, ঈশ্বরদী, পাবনা।  
০৬। নির্বাহী ম্যাজিস্ট্রেট আদালত-২, পাবনা।

**অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে**

- ০৭। চেয়ারম্যান, লক্ষীকুন্ডা ইউনিয়ন পরিষদ, ঈশ্বরদী, পাবনা (তাকে বর্ণিত নিলাম বিজ্ঞপ্তি বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।  
০৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, লক্ষীকুন্ডা ইউনিয়ন ভূমি অফিস, ঈশ্বরদী, পাবনা (তাকে বর্ণিত নিলাম বিজ্ঞপ্তি বহল প্রচারের জন্য মসজিদ/হাট-বাজারসহ গুরুত্বপূর্ণ জনসমাগম স্থানে ব্যাপক প্রচার/মাইকিং/ঢোল শব্দে পূর্বক নিলাম ডাকের পূর্বেই নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জারীর প্রতিবেদন দাখিলের জন্য বলা হলো।)

  
২৭.০২.২০২৪  
(টি.এম. রাহসিন কবির)  
সহকারী কমিশনার (ভূমি)  
ঈশ্বরদী, পাবনা  
ও  
রিসিটার ফোকাবদ্ধ সম্পত্তি